গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

# সুন্দরগঞ্জ আব্দুল মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়

উপজেলা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা।

ই-মেইল: sgamgbhs@gmail.com, Contact No : 01309-121619, EIIN : 121619

স্মারক নং: সুআমসবাউবি/সু-গা/২০২১/২৭৮

তারিখ : ২৬/০৫/২০২১খ্রিঃ

## "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা নিলামে অংশগ্রহনেচ্ছু ঠিকাদারগণকে জানানো যাচ্ছে যে, সুন্দরগঞ্জ আঃ মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের উত্তর পশ্চিম পার্শ্বে ০১ (এক) টি সেমিপাকা টিনসেড ভবন রয়েছে। যার আর্ধাংশের পরিমাপ ৪৫.০০ মিটার × ২০.১০ মিটার। উক্ত সেমিপাকা টিনসেড ভবনের অর্ধাংশ নিলামে বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | |
|---|---|
| ক) দরপত্র/সিডিউল বিক্রয়ের তারিখ | ঃ ২৭/০৫/২০২১ খ্রিঃ থেকে ০২/০৬/২০২১খ্রিঃ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত। |
| খ) দরপত্র/সিডিউল জমাদানের তারিখ | ঃ ০৩/০৬/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত (রক্ষিত বাক্সে)। |
| গ) দরপত্র/সিডিউল বাক্স খোলার তারিখ | ঃ ০৩/০৬/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ৩.০০ টা। |
| ঘ) দরপত্র/সিডিউল বিক্রয় ও জমাদানের স্থান | ঃ (১) প্রধান শিক্ষকের কার্যালয়, সুন্দরগঞ্জ আঃ মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| ঙ) দরপত্র উন্মুক্ত করার স্থান | ঃ উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ। |

শর্তাবলিঃ

১। দরপত্র সিডিউলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা ( অফেরতযোগ্য)। সিডিউলের ফটোকপি কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না।

২। দরপত্রের সঙ্গে ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার ) টাকার পেঅর্ডার/ব্যাংক ড্রাফট, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা বরাবরে দাখিল করতে হবে ( যা ফেরতযোগ্য)।

৩। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হলে ০৩(তিন) দিনের মধ্যে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ১৫% ও আয়কর ৫% মোট ২০% বাড়তি টাকাসহ ডাকের সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

৪। সরেজমিনে বিদ্যালয়ের আধাপাকা টিনসেড ভবনের অর্ধাংশ পরিদর্শন করে দেখা যেতে পারে। তবে এ বিষয়ে পরবর্তীতে কোন ওজর আপত্তি বিবেচনা করা হবে না।

৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে আধাপাকা টিনসেড ভবনটির অর্ধাংশের সমস্ত মালামাল অপসারণ করতে হবে।

৬। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ভবনের সম্পূর্ণ মালামাল অপসারনে ব্যর্থ হলে বা এক্ষেত্রে কোনরুপ কালক্ষেপন/ সরকারি ক্ষতি সাধিত হলে তার দায়ভার দরদাতাকে নিজ দায়িত্বে বহন করতে হবে।

৭। দরপত্রের সঙ্গে দরদাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করে সিলগালা খামে দাখিল করতে হবে এবং খামের উপরে দরদাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৮। সর্বোচ্চ দরদাতা (কৃতকার্য দরদাতা) কে সমুদয় টাকা ০৩ (তিন) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

৯। উদ্ধৃত মূল্যের সম্পূর্ণ টাকা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানে ব্যর্থ হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে।

১০। প্রথম সর্বোচ্চ দরদাতা কোন কারনে ব্যর্থ হলে পর্যায়ক্রমে দ্বিতীয়/তৃতীয় সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য হিসেবে ঘোষণা করা হবে।

১১। কর্তৃপক্ষ যে কোন সময় কোনো প্রকার কারন দর্শানো ব্যতিরেকে দরপত্র/নিলাম বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০৫/২১

(মোঃ শফিকুল ইসলাম)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
সুন্দরগঞ্জ আঃ মজিদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়
ও
সদস্য সচিব, উপজেলা নিলাম কমিটি
সুন্দরগঞ্জ,গাইবান্ধা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৪। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৫। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।
৬। উপজেলা প্রকৌশলী, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (তাঁকে নিলাম বিজ্ঞপ্তিটি তার ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নেয়ার অনুরোধসহ)।
৯। অফিস নথি।